

Module 1

অহিংসামূলক কর্মকাণ্ডের গল্প বলি: ইতিহাস থেকে শেখা

snapshot

একদল কর্মী/প্রশিক্ষার্থীর সাথে মিলে অহিংসামূলক কর্মকাণ্ডের ইতিহাস পর্যালোচনার মাধ্যমে তাদের বেছে নেয়া কৌশলকে সামাজিক আন্দোলনের একটি বৃহত্তর ঐতিহাসিক প্রেক্ষাপট থেকে বিচার করতে/প্রেক্ষাপটে জায়গা করে নিতে এবং অহিংসামূলক কর্মকাণ্ডের চর্চার একটি শক্তিশালী ভিত্তি প্রতিষ্ঠায় তাদেরকে সাহায্য করা।

Introduction

একদল কর্মী/প্রশিক্ষার্থীর সাথে মিলে অহিংসামূলক কর্মকাণ্ডের ইতিহাস পর্যালোচনার মাধ্যমে তাদের বেছে নেয়া কৌশলকে সামাজিক আন্দোলনের একটি বৃহত্তর ঐতিহাসিক প্রেক্ষাপট থেকে বিচার করতে/প্রেক্ষাপটে জায়গা করে নিতে এবং অহিংসামূলক কর্মকাণ্ডের চর্চার একটি শক্তিশালী ভিত্তি প্রতিষ্ঠায় তাদেরকে সাহায্য করা যায়।

শুরুতেই আপনি এই বিষয়টির উপরে জোর দিবেন যে, ইতিহাস জুড়ে সামাজিক আন্দোলন সবসময় দুইটি বিকল্পের মুখোমুখি হয়ে এসেছে- নৈতিক বা কৌশলগত কারণে অহিংস কর্মসূচিকে বেছে নেবে, নাকি নেবে না।

যেসব প্রচারণামূলক অভিযানের মূলে অহিংস কর্মসূচি রয়েছে, সেগুলোকে সহিংস কৌশল অবলম্বনকারী প্রচারণামূলক অভিযানের তুলনায় দ্বিগুণ কার্যকরী হতে দেখা গেছে, কারণ মূলত সেগুলোর অংশগ্রহণকারীদের সংখ্যা গড়ে এগারো গুণ বেশি বড় (চেনোওয়েথ এবং স্টেফানের *হোয়াই সিভিল রেসিস্টেন্স ওয়ার্কস*, ২০১১ দেখুন)।

ইতিহাস থেকে আমরা দেখি যে, আন্দোলনকে তার অংশগ্রহণকারীর সংখ্যা বৃদ্ধিতে তিনটি প্রধান বৈশিষ্ট্য সাহায্য করেছে:

১। অহিংস চর্চার ([nonviolent discipline](#)) প্রতি প্রতিজ্ঞাবদ্ধতা সে আন্দোলনে অংশগ্রহণের পথে বাধা কমিয়ে আনতে সাহায্য করে, আর এতে অংশগ্রহণকারীদের সংখ্যা বৃদ্ধি পায়, কারণ বেশিরভাগ মানুষ অস্ত্র সাথে রাখতে বা সহিংসতার লক্ষ্যে পরিণত হতে আগ্রহী হয় না, কিন্তু তারা বিক্ষোভ প্রদর্শন, বয়কট, ধর্মঘট এবং অন্যান্য গণ ও নাগরিক আন্দোলন কৌশলে অংশগ্রহণ করবে।

২। তবে বৃহত্তর লক্ষ্য অর্জনের উদ্দেশ্যে এমন অন্যান্য আন্দোলনকারী দলের সাথে সম্মিলিত হয়ে কাজ করতে আগ্রহী হতে হবে বা কাজ করার ক্ষমতা থাকতে হবে, যাদের সাথে আপনার মতামত সবসময় মেলে না। এর ফলে আন্দোলনে অংশগ্রহণকারীর সংখ্যা বাড়বে এবং আন্দোলনের ক্ষমতা বৃদ্ধি পাবে।

৩। পরিকল্পনা ও প্রশিক্ষণের পেছনে বিনিয়োগ করলে তা আপনার আন্দোলনে অংশগ্রহণকারীর সংখ্যা বাড়াতে, নতুন দল আনতে এবং কৌশলকে ত্রুটিবর্ধমান করতে এবং সেই অনুপাতে আন্দোলনের অগ্রগতি সঠিক হারে বাড়ানোর জন্য আপনাকে আপনার সম্পদ কাজে লাগাতে সাহায্য করতে পারে।

এসব পাঠ আত্মস্থ করতে প্রশিক্ষার্থীদের সাহায্য করতে নিচের কাজগুলো দেয়া হল:

key concepts

অহিংসা: মানুষ বা কোনো জীবের ক্ষতি করা থেকে দূরে থাকার একটি নীতিবদ্ধ প্রতিজ্ঞা, যার মধ্যে সম্পদের ক্ষয়ক্ষতি অন্তর্ভুক্ত থাকতেও পারে, নাও পারে।

অহিংসামূলক কর্মকাণ্ড: নাগরিক প্রতিরোধ বা গণক্ষমতা হিসেবেও পরিচিত এই ধারণাটি থেকে বোঝা যায় যে, কিভাবে মানুষ একত্রিত হয়ে কোনো সহিংস কর্মকাণ্ডে না জড়িয়েই ক্ষমতা কাজে লাগাতে পারে। এটি কারও ক্ষতিসাধন না করেই সামাজিক পরিবর্তন আনার কাজে যুক্ত হওয়ার কৌশলগত বিকল্পের উপরে জোর দেয়।

নাগরিক বিশৃঙ্খলা ([Civil disobedience](#)): দেশের কোনো নির্দিষ্ট আইন বা একটি বড় ধরনের অন্যায় কাজের নৈতিক বৈধতাকে চ্যালেঞ্জ করার জন্য জনসম্মুখে আইন ভঙ্গ করা।

further information

ঐতিহাসিক কেইস স্টাডির বড় সংগ্রহ বা সংকলের জন্য সোওর্থমোর কলেজের [Global Nonviolent Action Database](#) অথবা অহিংসামূলক দ্বন্দ্ব সংক্রান্ত আন্তর্জাতিক কেন্দ্রের [Resource Library](#) দেখুন।

অহিংস প্রতিরোধ আন্দোলন সম্পর্কে মূল বিষয়গুলো সংক্ষেপে জানতে উইকিপিডিয়ায় [nonviolent resistance](#) লিখে সার্চ দিন।

[SNAP: Synergizing Nonviolent Action and Peacebuilding](#)-এ প্রতিটি ইউনিটের শুরুতে রয়েছে আটটি শক্তিশালী সম্মুখ আন্দোলনের একপৃষ্ঠার গল্প, যেগুলো নিচের অনুশীলনগুলোতে কাজে লাগতে পারে।

- ইংরেজি: [SNAP: Synergizing Nonviolent Action and Peacebuilding](#) (ইংরেজি)
- আরবি: [SNAP: Synergizing Nonviolent Action and Peacebuilding \(Arabic\)](#)
- স্প্যানিশ: [SNAP: Synergizing Nonviolent Action and Peacebuilding \(Spanish\)](#)
- দারি: [SNAP Guidbook Dari.pdf](#)
- পশতু: [SNAP Guidebook Pashto.pdf](#)

training activities list

অনুশীলন	এটা কী	সময়	কর্মশক্তির স্তর
টাইমলাইন ওয়ালের কাজ (Timeline Wall activity)	অহিংস প্রতিরোধ আন্দোলনের ইতিহাসে আমাদের বর্তমান আন্দোলনকে অন্তর্ভুক্ত করার জন্য একটি পারস্পরিক সহযোগিতাভিত্তিক, গুণ-ভিত্তিক, লিখিত অনুশীলন।	১৫-৪৫ মিনিট	নিম্ন-মাঝারি
প্রামাণ্য চিত্র এবং আলোচনাভিত্তিক কাজ (Documentary & Discussion activity)	ঐতিহাসিক অহিংস প্রতিরোধ আন্দোলনের প্রকৃত ফুটেজ সম্বলিত এই স্বল্পদৈর্ঘ্যের খণ্ড খণ্ড ভিডিওগুলোকে আলোচনা শুরু করতে এবং অতীতের কার্যপদ্ধতি, কলাকৌশল, এবং প্রচারাভিযান থেকে বর্তমান প্রচারাভিযান পরিচালনার জন্য শিক্ষা নিতে ব্যবহার করুন	৩০ মিনিট-২ ঘন্টা	নিম্ন

গণক্ষমতার যাদুঘর সংক্রান্ত কাজ (Museum of People Power activity)	অহিংস আন্দোলনের ইতিহাস সম্পর্কে পরস্পরের সাথে সমন্বিতভাবে জ্ঞান আদানপ্রদান এবং জনগণের ক্ষমতার সাথে একটি বাস্তব যোগাযোগ তৈরির পদক্ষেপ নেয়ার একটি সক্রিয় এবং আকর্ষণীয় উপায়	১৫-৪৫ মিনিট	উচ্চ
বিক্ষোভের চিত্র সংক্রান্ত কাজ (Disobedient Images activity)	আজকে আমাদের জীবনে ভালো জিনিসকে আমরা যেভাবে অনিবার্য ভেবে নিচ্ছি, তা যে আসলে অতীতের সংগ্রাম এবং বিদ্রোহ আন্দোলনের ফলাফল, সে বিষয়ে আলোচনা শুরু করার জন্য ঐতিহাসিক ছবিগুলি ব্যবহার করুন	১৫-৩০ মিনিট	নিম্ন-মাঝারি
আদর্শ সমাজ সংক্রান্ত কাজ (Ideal Community activity)	এই অনুশীলন জনগণের ক্ষমতার একটি সাধারণ বাস্তব অভিজ্ঞতা দান করে এবং অহিংস আন্দোলন ও দ্বন্দ্ব রূপান্তর সম্পর্কে আলোচনার জন্য একটি অবকাঠামো সরবরাহ করে (মডিউল ৪-এর সাথেও সংযুক্ত)।	৪৫ মিনিট- ১ ঘণ্টা	উচ্চ